



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩২০১১৯৫৮৭২/বগুড়া-৩৭/৬৫২৪/৬

তারিখ: ২৪ অগ্রহায়ণ, ১৪২৭ বঙ্গাব্দ
০২ ডিসেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: স্ব-পদে দায়িত্ব পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক বোর্ডকে অবহিতকরণ প্রসঙ্গে

সূত্র: ১। নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩২০১১৯৫৮৭২/৫৯/বগুড়া-৩৭; তারিখ: ১২/০৭/২০২০ খ্রি.
২। জেলা শিক্ষা অফিসারের স্মারক নং-৩৭.০২.১০০০.০০০.১৮.০০১.২০/৬৪৪; তারিখ: ১৭/০৯/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার কাহালু উপজেলাধীন মুরইল ইসলামিয়া আলিম মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব শামসাদ রওশন জাহান অত্র বোর্ডে অভিযোগ দাখিল করেন। অভিযোগ পর্যালোচনায় দেখা যায়, বিগত গভার্ণিং বডি সভাপতির ব্যক্তিগত আক্রোশের কারণে তাকে সাময়িক বরখাস্ত করা হয়।

অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য জেলা শিক্ষা অফিসার, বগুড়াকে সূত্রোক্ত ১নং স্মারকে পত্র দেয়া হয়। তদন্তকারী কর্মকর্তা সূত্রোক্ত ২নং স্মারকে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণ করেছেন। তিনি উল্লেখ করেন-বগুড়া জেলার কাহালু উপজেলাধী মুরইল ইসলামিয়া আলিম মাদ্রাসায় বিগত ০৭/০৭/২০২০ খ্রি. তারিখে গভার্ণিং বডি কর্তৃক জনাব শামসাদ রওশন জাহানের সাময়িক বরখাস্তের সিদ্ধান্ত এবং জ্যেষ্ঠতার ভিত্তিতে ২য় ও ৩য় শিক্ষককে বাদ দিয়ে ৪র্থ জ্যেষ্ঠ শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব দেয়াটা সম্পূর্ণ নিয়ম বহির্ভূত, অবৈধ ও উদ্দেশ্যপ্রণোদিত মর্মে প্রমাণিত। পক্ষান্তরে, জনাব শামসাদ রওশন জাহান (ভারপ্রাপ্ত অধ্যক্ষ) পদে বৈধ মর্মে প্রতীয়মান। উল্লেখ্য, সাময়িক বরখাস্ত সংক্রান্ত বিষয়ে জনাব শামসাদ রওশন জাহান জেলা বগুড়ার বিজ্ঞ সিনিয়র সহকারি জজ আদালতে ১৬/০২/২০২০ অন্য মামলা দায়ের করেন (মামলাটি চলমান)।

বর্ণিত অবস্থায়, তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনের আলোকে দেখা যায়, বিগত ০৭/০৭/২০২০ খ্রি. তারিখে জনাব শামসাদ রওশন জাহানের সাময়িক বরখাস্তের সিদ্ধান্ত এবং জ্যেষ্ঠতার ভিত্তিতে ২য় ও ৩য় শিক্ষককে বাদ দিয়ে ৪র্থ জ্যেষ্ঠ শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব দেয়াটা সম্পূর্ণ নিয়ম বহির্ভূত, অবৈধ ও উদ্দেশ্যপ্রণোদিত মর্মে প্রমাণিত হওয়ায় তাঁকে স্ব-পদে পুনর্বহাল এবং দায়িত্ব পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক পত্র প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে বোর্ডকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক..... (.....) পাতা।

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

১। সভাপতি, মুরইল ইসলামিয়া আলিম মাদ্রাসা
ডাকঘর: মুরইল, উপজেলা: কাহালু, জেলা: বগুড়া;

২। ভারপ্রাপ্ত অধ্যক্ষ, মুরইল ইসলামিয়া আলিম মাদ্রাসা
ডাকঘর: মুরইল, উপজেলা: কাহালু, জেলা: বগুড়া;

৩। জনাব শামসাদ রওশন জাহান, ভারপ্রাপ্ত অধ্যক্ষ (সাময়িক বরখাস্তকৃত)
মুরইল ইসলামিয়া আলিম মাদ্রাসা, কাহালু, বগুড়া।

নং- বামাশিবো/প্রশাসন/৩৩৩২০১১৯৫৮৭২/বগুড়া-৩৭/৬৫২৪/৬

তারিখ: ২৪ অগ্রহায়ণ, ১৪২৭ বঙ্গাব্দ
০২ ডিসেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, বগুড়া;
২. জেলা শিক্ষা অফিসার, বগুড়া;
৩. উপজেলা নির্বাহী অফিসার, কাহালু, বগুড়া;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাহালু, বগুড়া;
৫. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd